# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৭তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। |
| সভার তারিখ ও সময় | : | ২৪ ডিসেম্বর ২০১৯, বেলা ২.০০ টা। |
| স্থান | : | ০১ নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সবাইকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য জনাব আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি কে অনুরোধ জানান। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য ড. মো: জাকির হোসেন, উপপরিচালক, মান নিয়ন্ত্রন, বীজ প্রত্যয়ন এজেন্সিকে আহবান জানালে তিনি সভার আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১ : জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৬তম সভার কার্যবিবরণী অনুমোদন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর ৯৬তম সভা ২৬ সেপ্টেম্বর ২০১৯, রোজ বৃহস্পতিবার সকাল ১০.১৫ ঘটিকায় ড. মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ০২ নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সির ১৫ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখের ১২.৮০৬.০২২.০১.০০.০০৫.২০১৯-২১৫৬ সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি এবং অদ্যকার সভায় কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি পরিসমর্থনের সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৬তম সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে পরিসমর্থন করা হল।**

**আলোচ্য বিষয় ২: ২০১৮-১৯ বোরো মৌসুমের হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ফলাফল পূণ: পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

জাতীয় বীজ বোর্ডের ১০১তম সভায় ২০১৮-১৯ বোরো মৌসুমে ১৭ (সতের)টি হাইব্রিড জাতের ফলাফল পুন:পর্যালোচনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সংকলিত হাইব্রিড জাতের ফলাফল প্রস্তুতিতে "Computerised mean Performance" এ ত্রুটি থাকায় পুনরায় পরীক্ষা নিরীক্ষা ও পূর্বের ফলাফল যাচাই করে কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়। ফলাফল পর্যালোচনা করে দেখা যায়, ১৭ (সতের)টি হাইব্রিড জাতের মধ্যে ১৩ (তের)টি জাত অঞ্চলভিত্তিক ও সারাদেশে নিবন্ধনের জন্য সুপারিশযোগ্য হয়। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় এ বিষয়ে আবেদনকৃত প্রতিষ্ঠানের মতামত জানতে চান। এ বিষয়ে বায়ার ক্রপ সাইন্স এর প্রতিনিধি বলেন যে, হাইব্রিড জাতসমূহ মূল্যায়নকালে ব্রি হাইব্রিড ধান৫ ও ইনব্রিড জাত (ব্রিধান২৮ ও ব্রিধান২৯) চেক হিসেবে ব্যবহার করা হয়েছিল। এ প্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভার আলোচ্যসূচীর ২.২ এর ২নং সিদ্ধান্ত মোতাবেক ৩য় বছর পুণরায় ট্রায়ালের সুযোগ দেওয়া যেতে পারে। ফলাফল পর্যালোচনায় ৪টি হাইব্রিড জাত তিন বা ততোধিক অঞ্চলে পাশ না করায় পুণরায় চলতি ২০১৯-২০ বোরো মৌসুমে ৩য় বর্ষ হিসেবে অঞ্চলভিত্তিক ট্রায়ালে অংশগ্রহণ করার বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ১ ঃ ২০১৭-২০১৮ ও ২০১৮-১৯ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৩ (তের) টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশি হওয়ায় বোরো মৌসুমের চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল এবং ক্রমিক নং-১.১৩ মিতালী হাইব্রিড সুবর্ণ-৩ (SHD-1018) জাতটি জীবনকাল চেকজাত থেকে গড়ে ৮দিন আগাম হওয়ায় জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভার ২.২ এর ২ নং সিদ্ধান্ত মোতাবেক বোরো মৌসুমের চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল।**

১.১ Bagrow Company Ltd- প্রস্তাবিত চীনের Jiangsu Hongqi Seed Co.Ltd. হতে সংগৃহীত রংধনু-২ (SQ01) জাতটি "ব্যাগরো হাইব্রিড ধান-১ (SQ01)" হিসেবে চট্টগ্রাম, রংপুর ও বরিশাল এই ৩ (তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৫.২৩, ৬.০৩, ১০.১০ ও ৬.১৮, ৫.৮৯, ৬.২৭ ভাগ বেশি।

১.২ National Agri Care Import & Export Limited-প্রস্তাবিত চীনের Chongqing Zhong Yi Seed Co. Ltd. China. হতে সংগৃহীত Hybrid Rice Seed National-2 (CQR-28) জাতটি "ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-২ (CQR-28)" হিসেবে বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী এই ০৩ (তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩০.৪৩, ২৯.৭৪, ১২.৫৪, ও ৩৩.৭৮, ২১.৪৩, ৫.৫৩ ভাগ বেশি।

১.৩ National Agri Care Hybrid Seeds Ltd-প্রস্তাবিত চীনের Chongqinh Zhong Yi Seed Co. Ltd. China. হতে সংগৃহীত Hybrid Rice Seed Janak Raj-2 (Q-15) জাতটি "ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-৪ (Q-15)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ০৩ (তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩৫.২৩, ৩০.৩৬, ১৮.৪৭ ও ৪০.৪২, ২২.৭৪, ৫.২৫ ভাগ বেশি।

১.৪ Nilsagor Seeds & Tissue Culture Ltd.-প্রস্তাবিত চীনের Kehui Seed Co. Ltd. হতে সংগৃহীত নীল সাগর হাইব্রিড ধান-২ (Nil-102)জাতটি "নীল সাগর হাইব্রিড ধান-১ (Nil-102))" হিসেবে চট্টগ্রাম, রাজশাহী ও রংপুর এই ০৩ (তিন) টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৮.৯৫, ৯.৩৩, ১০.৫৭ ও ১১.৪১, ১২.৪৪, ১৪.৮০ ভাগ বেশি।

১.৫ ISPAHANI AGRO LIMITED-প্রস্তাবিত জাতটি ভারতের Nuziveedu Seeds.Ltd. India. হতে সংগৃহীত ইস্পাহানী-৯ (NPH-2003) জাতটি "ইস্পাহানী হাইব্রিড ধান-৮(NPH-2003)" হিসেবে বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪ (চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩৫.৯৩, ২৬.৯৪, ১৯.২২, ১৯.৪৯ ও ৩৬.৯৪, ২১.২৭, ১১.৩৯, ১৮.৪২ ভাগ বেশি।

১.৬ Metal Agro Limited-প্রস্তাবিত চীনের Anhui Longping Hi-Tech Seeds Co.Ltd, হতে সংগৃহীত HRM-807 (SHARATHI-15) জাতটি মেটাল এগ্রো হাইব্রিড ধান-৪ "HRM-807 (SHARATHI-15)" হিসেবে চট্টগ্রাম, রংপুর ও বরিশাল এই ০৩ (তিন) টি অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৮.৪০, ১০.০৪, ১৪.৫০ ও ৭.১৮, ৮.৪৩, ৭.১৯ ভাগ বেশি।

১.৭ Partex Agro Ltd-প্রস্তাবিত চীনের Chongqing Zgong Yi Seed Co.Ltd, হতে সংগৃহীত Partex Hybrid dhan-03 (Q-32) জাতটি পারটেক্স হাইব্রিড ধান-৭ (Q-32) হিসেবে বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৫ (পাঁচ)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩২.৮০, ৩০.৬৮, ১৩.৮২, ২০.০০, ১২.২৬ ও ৩৭.১৩, ১৯.৪৮, ১৪.৮৭, ৯.৬৫, ১৩.১৫ ভাগ বেশি।

১.৮ Auto Crop Care Limited-প্রস্তাবিত ভারতের Savannah Seeds Pvt. Limited, India, হতে সংগৃহীত Accl-1 (SHX015) জাতটি অটো ক্রপ হাইব্রিড ধান-১ (SHX015)" হিসেবে বোরো মৌসুমে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও বরিশাল এই ৪টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪ (চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৯.৫৯, ২৫.৪০, ৫.৪৯,৬.৮৫ ও ৭.১৮, ৫.৩৬, ৫.৯২, ১৬.০৪ ভাগ বেশি।

১.৯ Surovi Agro Industries Limited-প্রস্তাবিত ভারতের Maharashtra Hybrid Seeds Co.Ltd, India, হতে সংগৃহীত সুরভী হাইব্রিড-১ (RXEL-34)জাতটি "সুরভী হাইব্রিড ধান-১ (RXEL-34)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ০৩ (তিন) টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৬.৫৭, ১৯.৯৬, ১৯.৬৩ ও ৬.৭৫, ১৬.২৫, ২০.৫৩ ভাগ বেশি।

১.১০ Syngenta Bangladesh Limited-প্রস্তাবিত ভারতের Syngenta India Ltd., হতে সংগৃহীত Hybrid dhan Syngenta S1206 (NK17230) জাতটি "সিনজেনটা হাইব্রিড ধান-৮ (NK17230)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী এই ০৩ (তিন) টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৮.২৮, ১৪.১৫, ৭.৯১ ও ৬.১২, ৫.০০, ১১.৯৬ ভাগ বেশি।

১.১১ Mc Donald Seeds Limited-প্রস্তাবিত জাতটি ভারতের Kaveri Seed Co. Ltd. India. হতে সংগৃহীত MC Donald Seed Hybrid dhan-1 (PD-901) জাতটি "ম্যাকডোনাল্ড হাইব্রিড ধান-১ (PD-901))" হিসেবে বোরো মৌসুমে চট্টগ্রাম,রাজশাহী ও বরিশাল এই ০৩ (তিন) টি অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১৩.৯০, ৪.৭৫, ৪.৮৪ ও ৯.৭২, ৭.৫৮, ৬.৪৮ ভাগ বেশি

১.১২ Metal Agro Limited-প্রস্তাবিত চীনের Anhui Longping Hi-Tech Seeds Co.Ltd, হতে সংগৃহীত HRM-1508 (Agrani-8) জাতটি মেটাল এগ্রো হাইব্রিড ধান-৩ (HRM-1508) হিসেবে রাজশাহী, রংপুর ও বরিশাল এই ০৩(তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৭.৭৪, ৯.৫৩, ৫.৬৫ ও ৫.৪৯, ৬.২১, ৫.০০ ভাগ বেশি।

১.১৩ Mitali Agro Seed Industries-প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত মিতালী হাইব্রিড সুবর্ণ-৩(SHD-1018)জাতটি "মিতালী হাইব্রিড ধান- ৩ (SHD-1018)" হিসেবে বোরো মৌসুমে চট্টগ্রাম (জীবনকাল চেক জাত থেকে গড়ে ৮দিন আগাম), খুলনা ও রংপুর এই ০৩ (তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০২ (দুই)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১৪.২৭, ৮.৪৮ ও ১৪.৯২, ৯.২৫ ভাগ বেশি।

সিদ্ধান্ত ২ ঃ ২.১ Bayer CropsScience Ltd- প্রস্তাবিত হাইব্রিড ধান অ্যারাইজ ® আইএনএইচ ১৭১৪৪ (বায়ার হাইব্রিড ধান-৭)
২.২ Supreme Seed company Ltd-প্রস্তাবিত সুপ্রীম হাইব্রিড হীরা-২৩ (HS-381)
২.৩ National Agri Care Hybrid Seeds Ltd-প্রস্তাবিত Hybrid Rice Seed Janak Raj-3 (Q-19)
২.৪ MAHYCO BANGLADESH PRIVATE LTD.-প্রস্তাবিত RXML-38

উপরোক্ত বীজ কোম্পানিগুলোর আবেদনের প্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভার ২.২ এর সিদ্ধান্ত মোতাবেক চলতি বোরো ২০১৯-২০ মৌসুমে তাদের জাতসমূহ ৩য় বর্ষ হিসেবে আঞ্চলিক ট্রায়ালের মাধ্যমে আবার পরীক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী ৩ : ২০১৯-২০২০/ আউশ মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।

১ম বর্ষ ১টি :

| ক্রঃনং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | বর্ষ | উৎস/দেশ |
|---|---|---|---|---|
| ১. | TSI AGRO SOLUTIONS LIMITED | Hybrid Rice Seed (F1) BS831H | ১মবর্ষ | ইন্দোনেশিয়া |

২য় বর্ষ ৬টি :

| ক্রঃনং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | বর্ষ | উৎস/দে |
|---|---|---|---|---|
| ১. | Syngenta Bangladesh Limited | Hybrid dhan Syngenta S-1202 | ২য়বর্ষ | ভারত |
| ২. | Mahyco Bangladesh Private Limited | RXEL-27 | ২য়বর্ষ | ভারত |
| ৩. | Mahyco Bangladesh Private Limited | MRP-5632 | ২য়বর্ষ | ভারত |
| ৪. | Winall Hi-Tech Seed Co. Bangladesh Limited | Winall Hi-Tech Hybrid dhan -7 | ২য়বর্ষ | চীন |
| ৫. | Winall Hi-Tech Seed Co. Bangladesh Limited | Winall Hi-Tech Hybrid dhan -8 | ২য়বর্ষ | চীন |
| ৬. | Bangladesh Rice Research Institute | BRRI hybrid dhan7 | ২য়বর্ষ | নিজস্ব |

উক্ত ৫ টি কোম্পানি/প্রতিষ্ঠানের ৭টি হাইব্রিড জাতের সাথে ব্রি ধান৪৮ চেকজাত হিসেবে ১টি সেটে ৬ টি অঞ্চলের ১২টি স্থানে ২য় বর্ষের জন্য ট্রায়াল বাস্তবায়ন করা হয়। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৭তম সভায় উল্লেখিত হাইব্রিড জাতসমূহের কোড উন্মুক্ত করা হয় এবং পরবর্তী এনএসবি'র সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। দ্বিতীয় বর্ষে ট্রায়ালকৃত ৭টি জাত এর মাঠ মূল্যায়ন কোডভিত্তিক ফলাফল Compilation পূর্বক সভায় উপস্থাপন করা হয়। হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতিতে ট্রায়ালকৃত জাতসমূহ ৬টি অঞ্চলের মধ্যে ৪টি অঞ্চলে চেকজাত ব্রি ধান৪৮ এর চেয়ে ২০% বেশি হলে প্রস্তাবিত হাইব্রিড জাতটি সারাদেশে এবং ৩টি অঞ্চলে চেকজাত ব্রি ধান৪৮ এর চেয়ে ২০% বেশি হলে আঞ্চলিকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করার বিষয়ে উল্লেখ রয়েছে। দ্বিতীয় বর্ষের ৬ (ছয়)টি হাইব্রিড জাতের মধ্যে ৫টি জাত অঞ্চলভিত্তিক ও সারাদেশে নিবন্ধনের জন্য সুপারিশযোগ্য।

**সিদ্ধান্ত ঃ ২০১৮-২০১৯ ও ২০১৯-২০ আউশ মৌসুমে ট্রায়ালকৃত ৭টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত ব্রি ধান৪৮ এর চেয়ে ২০% ফলন বেশি হওয়ায় আউশ মৌসুমের চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল।**

১.১ Mahyco Bangladesh Private Limited প্রস্তাবিত ভারতের Maharashtra Hybrid Seeds Co.Pvt. Ltd. হতে সংগৃহীত RXEL-27 জাতটি "মাহিকো হাইব্রিড ধান-১ (RXEL-27)" হিসেবে আউশ মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ০৩ (তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল যা পূর্বে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধিত করা হয়েছে। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩১.৮৬, ২৫.২৫, ২৫.২৬ ও ২৮.৮২, ৩২.৩৫, ২৩.৬২ ভাগ বেশি।

১.২ Mahyco Bangladesh Private Limited প্রস্তাবিত ভারতের Maharashtra Hybrid Seeds co.pvt. Ltd . হতে সংগৃহীত MRP-5632 জাতটি মাহিকো হাইব্রিড ধান-৩ (MRP-5632)" হিসেবে আউশ মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ০৩ (তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেকজাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩২.১১, ৩২.৩৯, ৩৯.৮০ ও ৩১.৮১, ২৭.০০, ৩৯.৪০ ভাগ বেশি।

১.৩ Winall Hi-Tech Seed Co. Bangladesh Limited প্রস্তাবিত চীনের Winall Hi-Tech Seed Co.Ltd., হতে সংগৃহীত Winall Hi-Tech Hybrid dhan -7 (Win806) জাতটি উইন অল হাইটেক হাইব্রিড ধান-৭(Win806)" হিসেবে আউশ মৌসুমে চট্টগ্রাম, খুলনা রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫(পাঁচ)টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৫ (পাঁচ)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩৩.৩৪, ৩০.২৭, ২০.৫১, ৩৫.২০, ২৭.৪২ ও ৩৪.৪৪, ৩৬.৯৪, ২৫.৬২, ৩১.৪৬, ২১.৭৬ ভাগ বেশি।

১.৪ Winall Hi-Tech Seed Co. Bangladesh Limited প্রস্তাবিত চীনের Winall Hi-Tech Seed Co.Ltd হতে সংগৃহীত Winall Hi-Tech Hybrid dhan -8 (Win868) জাতটি উইন অল হাইটেক হাইব্রিড ধান-৮ (Win868)" হিসেবে আউশ মৌসুমে চট্টগ্রাম, খুলনা রাজশাহী ও রংপুর এই ০৪ (চার) টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪ (চার)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩২.৯৪, ৩৩.৯৯, ২৩.৪৮, ৪০.৪৬ ও ৩২.১৮, ২৭.৪৪, ৩১.২৯, ৩১.৮০ ভাগ বেশি।

১.৫ Bangladesh Rice Research Institute প্রস্তাবিত নিজস্ব BRRI hybrid dhan7 জাতটি "ব্রি হাইব্রিড ধান-৭" হিসেবে আউশ মৌসুমে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ০৩(তিন)টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩৩.৯০, ২৯.৩৭, ৪০.৩০ ও ৩৩.৪০, ৩৬.০৯, ৩৬.০৯ ভাগ বেশি।

**আলোচ্য বিষয় ৪ : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর ০১ (এক)টি কৌলিক সারি BR (Bio)9787-BC2-63-2-2; ব্রি ধান৯৬ হিসেবে ছাড়করণ।**

**BR (Bio)9787-BC2-63-2-2(প্রস্তাবিত ব্রি ধান৯৬):** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক BRRI dhan28 এর সাথে বন্য ধান *Oryza rufipogon* (IRGC103404) এর সংকরায়নের পর Backcross ও Pedigree Method এর মাধ্যমে উদ্ভাবন করা হয়। এই জাতটি অঙ্গজ অবস্থায় গাছের আকার ও আকৃতি ব্রিধান২৮ থেকে ভিন্ন। গাছ ব্রি ধান২৮ এর চেয়ে খাট, গড় উচ্চতা ৮৭ সে.মি. ডিগপাতা খাড়া, দানা মাঝারি সরু এবং রং সোনালী স্বর্ণা টাইপের। চালের Elongation Ratio ১.৬।

উক্ত জাতটি ২০১৮-১৯ বোরো মৌসুমে ঢাকা, রাজশাহী, রংপুর, সিলেট, চট্টগ্রাম, বরিশাল ও খুলনার ৭টি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৮টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে এবং ২টি স্থানে বিপক্ষে মতামত দেয়া হয়েছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৬.৯৮ টন/হেক্টর ও চেকজাত ব্রি ধান২৮ এর গড় ফলন ৬.০৫ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৪৫ দিন ও ১৪৬ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS Test) টেষ্ট সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে চেকজাত ব্রি ধান৮১ হতে Lemma & palea : anthocyanin coloration; Lemma & palea : anthocyanin coloration below apex; Grain : wt of 1000 fully developed grains (at 12%); Decorticated grain : length (After dehulling, before milling); Decorticated grain : shape (L-B ratio) মোট ৫টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় এ বিষয়ে উপস্থিত সদস্যগণের মতামত জানতে চান। প্রফেসর ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, একই গুণাগুন সম্পন্ন ছাড়কৃত জাতের সাথে প্রস্তাবিত জাতের ফলনের উল্লেখযোগ্য কোন পার্থক্য নাই। ড. মো: এনামুল হক, সিএসও ও প্রধান বায়োটেকনোলজি বিভাগ (ব্রি) বলেন, প্রোটিনের পরিমাণ শতকরা ১০.৮০ যা ব্রি উদ্ভাবিত জাতের মধ্যে সবচেয়ে বেশি। প্রফেসর ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, প্রস্তাবিত জাতটির প্রোটিনের পরিমাণ আরও একবার পরীক্ষা করা যেতে পারে। ড. মো: আবু জামান সরকার, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট বলেন, পুণরায় প্রোটিন টেস্ট করে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে। বিস্তারিত আলোচনার শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত BR (Bio)9787-BC2-63-2-2 কৌলিক সারিটিতে বিদ্যমান প্রোটিনের ফলাফল পুণরায় অন্য প্রতিষ্ঠান থেকে পরীক্ষা করে দাখিল সাপেক্ষে বোরো মৌসুমে ব্রি ধান৯৬ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের সুপারিশ করা হল।**

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)এর বোরো মৌসুমের ০১ (এক)টি লাইন BINA-THDB কে (প্রস্তাবিত বিনা ধান-২৪) হিসেবে ছাড়করণ।**

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)এর বর্ণনামতে প্রস্তাবিত বিনা ধান-২৪ এর মাতৃজাত Tap Hanh।ভিয়েতনাম হতে প্রাপ্ত মাতৃজাতটিতে ২৫০ Gy গামা রশ্মি প্রয়োগ করে মিউট্যান্ট লাইন BINA-THDB উদ্ভাবন করা হয়। ইহা আলোক অসংবেদশীল জাত, ডিগ পাতা গাঢ় সবুজ এবং কিছুটা মোটা, ধানের দানা লম্বা ও মাঝারি চিকন। চাউলে অ্যামাইলোজ এর পরিমাণ ২৪.১%। এ জাতটি উচ্চফলনশীল এবং গাছ শক্ত বলে হেলে পড়ে না।

উক্ত জাতটি ২০১৮-১৯ সনে ঢাকা, রংপুর, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা ৫টি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ১০টি স্থানে মাঠ মূল্যায়ন দল কর্তৃক জাতটিকে ছাড়করণের পক্ষে সুপারিশ করা হয়েছে। গড় ফলন প্রস্তাবিত জাতের ৭.৬ টন /হে. এবং চেক জাত ব্রি ধান২৮এর ফলন ৫.৯৯ টন/হে. পাওয়া গিয়েছে এবং জীবনকাল যথাক্রমে ১৫১ দিন ও ১৪৬ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতটির পর পর দুই বছর ডি ইউ এস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে Leaf color, Flag leaf : attitude of blade, panicle : exertion, Decorticated grain : shape (Length-breadth ratio), Polished grain : size of white color or chalkiness, Endosperm: content of amylose মোট ৬টি বৈশিষ্ট্যে চেক জাত থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। আলোচনার শুরুতে চন্ডী দাস কুন্ডু, পরিচালক, সরেজমিন উইং, ডিএই বলেন, মাঠের চাহিদা অনুযায়ী গবেষণা কার্যক্রম পরিচালনা করা উচিৎ। ড. হোসনেআরা বেগম, পরিচালক, গবেষণা, বিনা বলেন, প্রাকৃতিক পরিবেশে বিভিন্ন অঞ্চলে চেকজাতে ব্লাস্ট রোগের আক্রমনের প্রমাণ পাওয়া গেছে কিন্তু প্রস্তাবিত জাতটিতে কোন ব্লাস্ট রোগের আক্রমণ হয়নি। তিনি আরও বলেন, জাতটির চাউল মাঝাড়ি চিকন। কিংকর চন্দ্র দাস, পরিচালক, ক্রপস্ উইং, ডিএই বলেন, আঞ্চলিক মাঠ মূল্যায়ন দলের মতামত অনুযায়ী ১০টি স্থানে ছাড়করণের পক্ষে সুপারিশ করেছেন এবং হেক্টর প্রতি ফলন ১.৫টন বেশি। প্রস্তাবিত জাতটি জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে ড. মো: খাইরুল বাসার, সভাপতি, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি বলেন, Grain type ও Duration ঠিক রেখে ইনব্রিড ধানের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি অনুসরণ করে চেকজাত নির্ধারণ করা প্রয়োজন। প্রফেসর ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, একই গুণাগুন সম্পন্ন ছাড়কৃত জাতের সাথে প্রস্তাবিত জাতের Grain type ও Duration ঠিক রেখে ইনব্রিড ধানের

জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি অনুসরণ করে সর্বোচ্চ ফলনশীল জাতকে বীজ প্রত্যয়ন এজেন্সির মাধ্যমে প্রয়োজনে ২টি চেক নির্ধারণ করা যেতে পারে। বিস্তারিত আলোচনার শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ১ : **বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারিটি (BINA-THDB) বোরো মৌসুমে বিনা ধান-২৪ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

সিদ্ধান্ত ২ : **প্রস্তাবিত জাতের সাথে চেকজাতের Grain type ও Duration এর মিল রেখে ইনব্রিড ধানের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি অনুসরণ করে সর্বোচ্চ ফলনশীল জাত বীজ প্রত্যয়ন এজেন্সির মাধ্যমে প্রয়োজনে ২টি চেকজাত নির্ধারণ করা যেতে পারে।**

**আলোচ্য সূচী বিবিধ ১ : বীজ আলুর মাঠ মান ও বীজ মান (বাংলাদেশ গেজেট ডিসেম্বর ২০, ২০১০), টিস্যুকালচারের মাধ্যমে উৎপাদিত বীজ আলুর মাঠ মান ও বীজমান (বাংলাদেশ গেজেট ডিসেম্বর ১১, ২০১৯) সামঞ্জস্যতা প্রসংগে।**

আলোচনার শুরুতে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বলেন, নোটিফাইড এবং নন-নটিফাইড ফসলের বীজ মান ও মাঠ মান নির্ধারণ সংক্রান্ত ডিসেম্বর ২০, ২০১০ এ বাংলাদেশ গেজেটে প্রকাশিত ৪নং ক্রমিকে আলুর মাঠ মান ও বীজ মান উল্লেখ রয়েছে এবং ডিসেম্বর ১১, ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদিত আলুর মাঠ মান ও বীজ মান উল্লেখ রয়েছে। আলুর মাঠ মান ও বীজ মান এবং টিস্যুকালচারের মাধ্যমে উৎপাদিত আলুর মাঠ মান ও বীজ মান সামঞ্জস্যতা থাকা প্রয়োজন। আলুর প্রজনন বীজ, ভিত্তিবীজ ও প্রত্যায়িত বীজের মাঠ মান ও বীজ মান সংশোধন করে টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদিত যথাক্রমে প্রাক ভিত্তি, ভিত্তিবীজ ও প্রত্যায়িত বীজের মাঠ মান ও বীজ মানের সমান করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : **আলুর প্রজনন বীজ, ভিত্তিবীজ ও প্রত্যায়িত বীজের মাঠ মান ও বীজ মান সংশোধন করে টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদিত যথাক্রমে প্রাক ভিত্তি, ভিত্তি বীজ ও প্রত্যায়িত বীজের মাঠ মান ও বীজ মানের সমান করার জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

বিবিধ ২ : **লবনাক্ততা সহিষ্ণু ইনব্রিড গমের মূল্যায়ন ও ছাড়করণের ক্ষেত্রে ৬ (ছয়)টি অঞ্চলের পরিবর্তে কৃষি গবেষণা কেন্দ্র (বারি), সাতক্ষীরাকে অন্তভূর্ক্ত করে প্রকৃত ৬টি লবনাক্ত এলাকায় ট্রায়াল স্থাপনের অনুমতি প্রদান।**

আলোচনার শুরুতে ড. মো: এছরাইল হোসেন, মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট বলেন, লবণাক্ততা সহিষ্ণু ইনব্রিড গমের মূল্যায়ন ও ছাড়করণের ক্ষেত্রে ৬টি অঞ্চলের পরিবর্তে কৃষি গবেষণা কেন্দ্র (বারি), সাতক্ষীরাকে অন্তভূর্ক্ত করে প্রকৃত ৬টি লবণাক্ত এলাকায় ট্রায়াল স্থাপনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা যেতে পারে। ড. মো: জাকির হোসেন, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সি বলেন, সাতক্ষীরায় কৃষি গবেষণা ইনস্টিটিউটের আঞ্চলিক গবেষণা কেন্দ্র থাকায় গমের জাত মূল্যায়নের জন্য কৃষি গবেষণা কেন্দ্র (বারি), সাতক্ষীরাকে অন্তভূর্ক্ত করা যেতে পারে এবং প্রতিকূল পরিবেশ সম্পন্ন অঞ্চলসমূহ অন্তভূর্ক্ত করে ৬টি স্থানে প্রতিকূল পরিবেশ সহিষ্ণু ইনব্রিড ফসলের জাত মূল্যায়নের স্থান নির্ধারণ করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্ত বিবিধ ২ : **গমের জাত মূল্যায়নের জন্য কৃষি গবেষণা কেন্দ্র (বারি), সাতক্ষীরাকে অন্তভূর্ক্ত করা এবং প্রতিকূল পরিবেশ সম্পন্ন অঞ্চলসমূহ অন্তভূর্ক্ত করে ৬টি স্থানে প্রতিকূল পরিবেশ সহিষ্ণু ইনব্রিড ফসলের জাত মূল্যায়নের স্থান (ইনব্রিড ধান ও গমের মূল্যায়ন ও ছাড়করণের পদ্ধতিতে) অন্তর্ভূক্ত করার জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মো: কবির ইকরামুল হক)
নির্বাহী চেয়ারম্যান
বিএআরসি, ফার্মগেট
ও
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।

নং-১২.৮০৬.০২২.০১.০০.০১৮.১৯- ২৫৯৭ তারিখ ঃ ২৬/১২/২২ খ্রিঃ।

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫ | -সভাপতি। |
| ২. | অধ্যাপক ড. লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | -সদস্য। |
| ৩. | অধ্যাপক ড. শহীদুর রশিদ ভূঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | -সদস্য। |
| ৪. | অধ্যাপক ড. নাসরিন আক্তার আইভি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় | -সদস্য। |
| ৫. | সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা | -সদস্য। |
| ৬. | মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ | -সদস্য। |
| ৭. | পরিচালক (সরেজমিন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা | -সদস্য। |
| ৮. | পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা | -সদস্য। |
| ৯. | পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | -সদস্য। |
| ১০. | পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | -সদস্য। |
| ১১. | পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | -সদস্য। |
| ১২. | পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা | -সদস্য। |
| ১৩. | পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা | -সদস্য। |
| ১৪. | পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর | -সদস্য। |
| ১৫. | অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর | -সদস্য। |
| ১৬. | প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | -সদস্য। |
| ১৭. | কটন এগ্রোনমিষ্ট, তুলা উন্নয়ন বোর্ড, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর | -সদস্য। |
| ১৮. | বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনয়ন পত্রসহ মনোনীত ২ জন প্রতিনিধি । | -সদস্য। |
| ১৯. | সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি | -সদস্য। |
| ২০. | সভাপতি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি | -সদস্য। |
| ২১. | জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি, ৫/৩ এ, মনিপুরী পাড়া, ঢাকা-১২১৫ | -সদস্য। |
| ২২. | ........................................................................................................। | |

অনুলিপি (কার্যার্থে)ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ/সীড রেগুলেশণ)/এডিডি (SR & QC), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর।

২. সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা (আপনার এসোসিয়েশন হতে ২ জন প্রতিনিধি মনোনয়ন পত্রসহ প্রেরণের অনুরোধ করা হল)।

৩. অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর ( তাকে অত্র পত্রটি বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর এর ওয়েবসাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৪. অফিস কপি।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬/১২/২২

আবদুর রাজ্জাক
সদস্য-সচিব
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি
ও
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সি
গাজীপুর-১৭০১।